**ধামরাই সরকারি কলেজ, ঢাকা**

একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২৩(অ্যাসাইনমেন্ট)

বিষয়ঃ বাংলা ১ম ও ২য় পত্র

বিষয় কোডঃ ১০১ ও ১০২

সময়ঃ ২ ঘন্টা ৪০ মিনিট পূর্ণমানঃ ৭০

## বাংলা ১ম পত্র- ৩০ নম্বর

প্রত্যেক বিভাগ থেকে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৩=৩০

ঙ

### ক বিভাগ

১। উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

শরৎচন্দ্রের 'মহেশ' গল্পে গফুরের প্রিয় গরুটির নাম মহেশ। দরিদ্র গফুর নিরীহ পশুটিকে ঠিকমতো খাবারের জোগান দিতে পারেনা। ফসল নষ্ট করার জন্য তাকে জমিদারের শাস্তিও পেতে হয়েছে। একদিন তৃষ্ণাত ´মহেশ পানির জন্য গফুরের মেয়ে আমিনার মাটির পাত্র ভেঙে ফেলে। রাগান্বিত গফুর লাঙলের ফলা দিয়ে মাথায় আঘাত করলে মহেশ মারা যায়। গোহত্যার প্রায়শ্চিত্ত করতে গফুর রাতের আঁধারে মেয়েকে নিয়ে পালিয়ে যেতে বাধ্য হয়।

ক) 'বিলাসী' গল্পটি প্রথমে কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১

খ) 'গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনই সুনাম'- ব্যাখ্যা কর। ২

গ) গফুরের জীবন বাস্তবতার সাথে 'বিলাসী' গল্পের কোন ঘটনার সাদৃশ্য বিদ্যমান? বিশ্লেষণ কর। ৩

ঘ) ''উদ্দীপকের 'গোহত্যা' এবং 'বিলাসী' গল্পের 'অন্নপাপ' একই সূত্রে গাঁথা। ''তোমার মতামত আলোচনা করো। ৪

অথবা,

২। উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু রায়হান চৌধুরী সত্যের পথে থেকে সারাজীবন অতিবাহিত করেছেন। তিনি মিথ্যা ,ভণ্ডামি পছন্দ করতেন না। তিনি মনে করতেন ,মিথ্যা ক্ষণিকের লুকোচুরি খেলা যা মানুষের আত্মবিশ্বাসকে দুর্বল করে দেয়। শিক্ষার্থীদেরও তিনি মিথ্যাকে পরিহার করে সত্যের সুকঠিন পথে চলার উপদেশ দিতেন।তিনি শিক্ষার্থীদের বলতেন,' সত্যই একমাত্র নিজেকে পুরোপুরি আত্মবিশ্বাসের সাথে দাঁড়াতে সাহায্য করে।

ক) সবচেয়ে বড় ধর্ম কোনটি ? ১

খ) ' অভিশাপ-রথের সারথি'কথাটি দ্বারা কি বুঝানো হয়েছে ? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন বিশেষ দিকটির মিল রয়েছে ? আলোচনা কর। ৩

ঘ) 'সত্যের সুকঠিন পথ' বর্তমান সমাজ পরিবর্তনের আলোর পথ নির্দেশক‚ উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৪

[পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য]

১০। পারিভাষিক শব্দ লেখ: যেকোন পাঁচটি) ৫

ক) Census, Fiction, Invoice, Viva-voce, Deputation ,Interpreter, Prepaid, Autonomous

অথবা,

খ) বাংলায় অনুবাদ কর:

Bangladesh is the land of our birth.The blue sky and the fresh air of this land are very dear to us.It is our duty to build up dear Bangladesh.It is our sacred duty.If we do our respective duties,then only our country will make progress.

১১। ক) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদন পত্র লেখ। ১০

অথবা,

খ) তোমার কলেজ গ্রন্থগার সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।

১২। সারমর্ম লেখ: ১০

ক) হউক সে মহাজ্ঞানী, মহা ধনবান
অসীম ক্ষমতা তার অতুল সম্মান।
হউক বৈভব তার সমসিন্ধু জল,
হউক প্রতিভা তার অক্ষুণন উজ্জল।
হউক বাস তার রম্য হর্ম্য মাঝে,
থাকুক সে মণিময় মহামূল্য সাজে।
কিন্তু সে সাধেনি কভু জন্মভূমি হিত
স্বজাতির সেবা যে করেনি কিঞ্চিত
জানাও সে নরাধমে জানাও সত্বও,
অতীব ঘৃণিত সে পাষণ্ড বর্বর।

অথবা,

খ) ভাবসম্প্রসারণ কর:

প্রকৃতির উপর আধিপত্য নয়, চাই প্রকৃতির সঙ্গে মৈত্রির সম্পর্ক

খ বিভাগ

৩। উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

প্রীতিলতা-সূর্যসেন নেই তাঁরা আর
এমনই সহস্র জন এসে গেছে বারবার
শাজাহান আর তার মহারাজ্যপাট
অশোকের সাম্রাজ্যের যত ঠাটবাট
কিছুই নাহিকো মহাকালের গ্রাসে
নি:শেষ সকলেই সময়ের স্রোতে
সময় পারেনি তবু সে নাম মুছে দিতে
মানুষের মন আজও সে নাম স্মরিছে।
নাম হয় মৃত্যুহীন যদি থাকে কর্ম
কর্ম হলো বেঁচে থাকার অক্ষয় বর্ম।

ক) 'আমি একেলা'-এখানে আমি কে? ১
খ) 'চারিদিকে বাঁকাজল করিছে খেলা।' –ব্যাখ্যা কর। ২
গ) 'সোনার তরী' কবিতার কৃষকের সাথে উদ্দীপকের ঐতিহাসিক চরিত্রগুলোর তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ) "উদ্দীপকের মূলসুর' সোনার তরী' কবিতারই প্রতিধ্বনি।'-উক্তিটির পক্ষে যুক্তি দাও। ৪

অথবা,

৪। উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

আজি এ অবেলায় মনে পড়ে তোমায়
হারানো দিনগুলো বারেবারে কাঁদায়
তুমি ছাড়া এ জীবন শূন্য মনে হয়
ভালো লাগা অনুভূতি আঁধারে ডুবে রয়।

ক) পুষ্পারতি শব্দটির অর্থ কী? ১
খ) 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির উদাসীনতার কারণ ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের সাথে কবি সুফিয়া কামালের ব্যক্তি জীবনের মিল রয়েছে কীভাবে? উপস্থাপন কর। ৩
ঘ) "উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় বিধৃত দু:খবোধের অনুভূতি একসূত্রে গাঁথা। - যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

গ বিভাগ

৫। উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

অত্যন্ত চতুরতার সাথে, দারুণ রোমাঞ্চের আবহে পাবলিক বাসের মধ্যে আজহার তার সর্বরোগ নিরাময়কারী, যাবতীয় আশা পূরণকারী অষ্ট ধাতুর তাবিজ বিক্রির বয়ান শুরু করে। এসব বাসে চলাচলকারী বেশিরভাগ মানুষই তার মতো নিম্ন আয়ের। তাদের কাছে অষ্ট ধাতুর তাবিজের নামে ডাহা মিথ্যা কথা বলে টিনের এই একটি সর্বগুণহীন তাবিজ গছিয়ে পকেট স্ফীত হওয়ায় আজহার পুলকিত হয়। সে একে লোক ঠকানো মনে করে না; সে মনে করে এ পৃথিবীতে বউ-বাচ্চা নিয়ে তারও বাঁচার অধিকার আছে।

ক) 'লালসালু' উপন্যাসে সাত ছেলের বাপের নাম কী? ১
খ) মজিদ আক্কাসকে স্কুল প্রতিষ্ঠা করতে বাঁধা দেয় কেন ? ২
গ) উদ্দীপকের আজহার চরিত্রের সাথে 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ)"নিজের জীবন বাঁচানোর তাগিদই উদ্দীপকের আজহার ও 'লালসালু' উপন্যাসের মজিদের ভণ্ডামির মূল কারণ" –মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

অথবা,

৬। উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

রাস্তায় বসে ছোট্ট শিশু রাতুলকে কাঁদতে দেখে তাকে বাড়িতে নিয়ে এলেন হাসান শেখ। পরম মমতায়,সন্তান স্নেহে বড় করে তোলেন ,তাকে। শিক্ষা-দীক্ষা,ধনসম্পদে কোনো কিছুরই অভাব রাখেননি তিনি। কিন্তু একদিন রাতুলই ষড়যন্ত্র করে হাসান শেখের সমস্ত সম্পত্তি জোর করে দখল করে নিয়ে সস্ত্রীক হাসান শেখকে বাড়ি থেকে বের করে দেয়।সম্পদের প্রতি প্রচণ্ড লোভের কাছে পরাজিত হয় হাসান শেখের দীর্ঘদিনের নি:স্বার্থ ভালোবাসা।

ক) 'সিরাজউদ্দৌলা' নাটকে কয়টি অঙ্ক রয়েছে? ১
খ) 'আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল দেয়ালের ভীড়'-উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের রাতুল ও 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘসেটি বেগম মুদ্রার এপিট ওপিট। মন্তব্যটির সত্যাসত্য নিরূপণ কর। ৩
ঘ) উদ্দীপকের কোন দিকটি 'সিরাজউদ্দৌলা নাটকে প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৪

**বাংলা ২য় পত্র-৪০ নম্বর**

৭। ক) উচ্চারণ কাকে বলে? বাংলা উচ্চারণের যে কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা,

খ) যে কোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ:
ইতঃপূর্বে, অধ্যাপক, বিজ্ঞ, সন্ধ্যা, শাশ্বত, অসীম, গ্রীষ্মকাল, ঐশ্বর্য

৮। ক) আধুনিক বাংলা বানানের যে কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা,

খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ:
স্বরস্বতী, ষ্টেডিয়াম, বাল্মিকী, অপরাহ্ন, উপরোক্ত, অহোরাত্রি, সমিচিন, বাংগালী।

৯। ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা,

খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর: ( যেকোনো পাঁচটি)
পঁসুরি,দেশে-বিদেশে,আমরা, হিতাহিত,ধামাধরা,গাছপাকা,অনাশ্রিত,রাজনীতি,সপ্তর্ষি

[পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য]